

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৮.২১-৬৩

তারিখঃ ১৫/০৩/২০২১ খ্রিঃ


বিষয়ঃ QCBS পদ্ধতিতে সার্ভিস প্রকিউরমেন্টের আর্থিক প্রস্তাব মূল্যায়নের ক্ষেত্রে সিপিটিইউ'র মতামত।  
সূত্রঃ-৫৬.০০.০০০০.০৪১.০৭.০৩৪.১৯-৪৫৯১; তারিখঃ ০২/০৩/২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর ধারা ৬০(৩) এর সংস্থান অনুযায়ী বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় সংক্রান্ত প্রস্তাবের আর্থিক মূল্যায়নের ক্ষেত্রে প্রযোজ্য কর এবং মূল্য সংযোজন কর প্রদানের বিষয়টি বিবেচনায় আনা যাবে না। উপর্যুক্ত নির্দেশনার ধারাবাহিকতায় আদর্শ প্রস্তাব দলিল এর ফরম 5B1 অনুযায়ী আর্থিক প্রস্তাব দাখিল করতে হয় (SRFP PS7: ITC Clause 25)। উক্ত ফরমে Staff Remuneration এবং Reimbursable Expenses বাবদ মোট ব্যয়ের পরিমাণ এবং উক্তরূপ ব্যয়ের ওপর প্রযোজ্য স্থানীয় কর পৃথক পৃথকভাবে উল্লেখ করতে হয়।

০২। বিবেচ্য ক্ষেত্রে একটি প্রতিষ্ঠান উক্ত ফর্মের নির্দেশনা প্রতিপালন না করে স্থানীয় করসহ মোট আর্থিক প্রস্তাব দাখিল করেছে। অধিকন্তু স্থানীয় কর হিসেবে প্রদেয় অংক আলাদাভাবে উল্লেখ করেনি যা আদর্শ প্রস্তাব দলিলে উল্লিখিত শর্তের ব্যত্যয়। ফলে উল্লিখিত আর্থিক প্রস্তাবের গ্রহণযোগ্যতার বিষয়ে PEC সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

০৩। সূত্রে উল্লিখিত পত্রে সংযুক্ত RFP দলিলটি পর্যালোচনায় দেখা যায় এটি SRFP PS5 অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে। পিপিআর, ২০০৮ এর বিধি ৪(১) অনুযায়ী ক্রয় কাজে ক্রয়কারীকে সিপিটিইউ'র আদর্শ দলিল ব্যবহার করতে হয়। SRFP PS5 ব্যবহার করা হয় Simple Lump sum ও প্রাক্কলিত ব্যয় ১.০০ কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে। পরামর্শকদের আর্থিক প্রস্তাব দেখে প্রতীয়মান হয়, প্রস্তাবিত ক্রয় কাজের সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় এক কোটি টাকার ওপরে। বর্ণিত ক্রয়ের ক্ষেত্রে SRFP PS5 দলিলটি প্রযোজ্য কী না তা ক্রয়কারী পর্যালোচনা করে দেখতে পারে।

০৪। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে শ্রেণিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

  
১৫.০৩.২০২১  
(মুহম্মদ শামীম কিবরিয়া)  
উপপরিচালক  
(সিনিয়র সহকারী সচিব)  
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

প্রকল্প পরিচালক (উপসচিব)  
মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য়  
সংশোধিত) প্রকল্প  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার (৭ম তলা), আগারগাঁও  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।